

উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটির এপ্রিল/২০২২ মাসের সভার কার্যবিবরণীঃ  
কালীগঞ্জ, গাজীপুর।


সভাপতি : জনাব শর্মিলা রোজারিও, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, কালীগঞ্জ, গাজীপুর।  
তারিখ : ০৭/০৪/২০২২, সকাল ১১.০০ ঘটিকা।  
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট 'ক' সংযুক্ত।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও কমিটির সদস্য সচিব জনাব শাহানাজ আক্তার বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোন প্রকার সংশোধনী না থাকায় সর্ব সম্মতিক্রমে তা দৃষ্টিকরণ করা হয়। অতঃপর সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১। নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ এবং বাল্যবিবাহ নিরোধ সংক্রান্তঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ফেব্রুয়ারী/২০২২ ও মার্চ/২০২২ পর্যন্ত কালীগঞ্জ উপজেলায় নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত ০১ টি মামলা হয়েছে। (কালীগঞ্জ থানার তথ্য অনুযায়ী) বাল্যবিবাহ সংক্রান্ত ০৩ টি অভিযোগ পাওয়া যায় ও সাথে সাথে প্রতিরোধের ব্যবস্থা গ্রহণ করা হয়।	নারী ও শিশু নির্যাতন এবং বাল্যবিবাহ সংক্রান্ত কোন অভিযোগ পাওয়া গেলে উপজেলা প্রশাসন ও সংশ্লিষ্ট কমিটির সদস্যদের সহযোগিতায় দ্রুত নিষ্পত্তির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	১) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ২) সংশ্লিষ্ট সকল কমিটি কালীগঞ্জ, গাজীপুর।
২। অন্যান্য কার্যক্রমঃ ক) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, ইউনিয়ন পর্যায়ে ২০২১-২২ ডিজিডি চক্রের নির্বাচিত উপকারভোগীদের নিয়মিত ভাবে ৩০ কেজি হিসাবে পুষ্টিসমৃদ্ধ চাল বিতরণ করা হচ্ছে। আইজিএ প্রশিক্ষণ প্রকল্পের আওতায় প্রশিক্ষণ কার্যক্রম নিয়মিত চলছে। তাঁর দপ্তরের অন্যান্য নিয়মিত কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	নিয়মিত কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কমিটির সকল সদস্যকে আন্তরিক ভাবে কাজ দ্রুত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ২) সংশ্লিষ্ট সকল কমিটি কালীগঞ্জ, গাজীপুর।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(শর্মিলা রোজারিও)

উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি


উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত স্থায়ী কমিটি  
কালীগঞ্জ, গাজীপুর।

তারিখঃ ১০/০৪/২০২২ খ্রিঃ

স্মারক নং-৩২.০১.৩৩৩৪.০০১.০৬.০১৮.১৯- ৬০/১

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, গাজীপুর।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, গাজীপুর।
- ০৩। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, গাজীপুর।
- ০৪। উপজেলা ..... কর্মকর্তা, কালীগঞ্জ, গাজীপুর।
- ০৫। অফিস কপি।



(শাহানাজ আক্তার)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

কালীগঞ্জ, গাজীপুর।

ফোনঃ ৯২০৭০৬৭।